

# Visit of External Affairs Minister to Maldives and Sri Lanka (March 26-30, 2022)

March 26, 2022

## বিদেশমন্ত্রীর মালদ্বীপ এবং শ্রীলঙ্কা সফর (মার্চ 26-30,2022)

মার্চ 26, 2022

যথাক্রমে মালদ্বীপের বিদেশ মন্ত্রী হিজ এক্সেলেন্সি জনাব আবদুল্লা শাহিদ এবং শ্রীলঙ্কার বিদেশমন্ত্রী প্রফেসর জি এল পেইরিসের আমন্ত্রণে বিদেশমন্ত্রী(ইএএম) ডঃ এস জয়শংকর 26 থেকে 30শে মার্চ 2022 -এ মালদ্বীপ এবং শ্রীলঙ্কায় সরকারি সফর করবেন।

2. বিদেশমন্ত্রী 26 থেকে 27 শে মার্চ মালদ্বীপের আড্ডু শহরে সফর করবেন । সেই সময়কালে তিনি মালদ্বীপের রাষ্ট্রপতি ইব্রাহিম মহামেদ সোলিহ-র সাথে সাক্ষাৎ করবেন এবং বিদেশমন্ত্রী আবদুল্লা শাহিদের সাথে বৈঠক করবেন। বিদেশমন্ত্রীর সফরে দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগিতা সম্পর্কিত কয়েকটি চুক্তি স্বাক্ষর, বেশ কয়েকটি ভারতের সাহায্যপ্রাপ্ত মুখ্য প্রকল্পের উদ্বোধন / হস্তান্তর পরিলক্ষিত হবে, যেগুলি মালদ্বীপের আর্থ-সামাজিক বিকাশ ও সুরক্ষা বৃদ্ধিতে অবদান রাখবে।

3. 2021 -এর ডিসেম্বর মাসে এবং এই মাসের গোড়ার দিকে শ্রীলঙ্কার অর্থমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার বাসিল রাজাপক্ষ এবং 2022 -এর ফেব্রুয়ারি মাসে শ্রীলঙ্কার বিদেশমন্ত্রী প্রফেসর জি এল পেইরিসের ভারত সফরের রেশ ধরে ভারতের বিদেশমন্ত্রীর 28 থেকে 30শে মার্চ শ্রীলঙ্কা সফর। বিদেশমন্ত্রী শ্রীলঙ্কায় যে দ্বিপাক্ষিক বৈঠক এবং পারস্পরিক আদানপ্রদান করবেন তা ভারতের জন্য শ্রীলঙ্কা যে অগ্রাধিকার অধিকার করে তা তুলে ধরে।

4. শ্রীলঙ্কায় থাকাকালীন বিদেশমন্ত্রী কলোম্বোতে 29শে মার্চ 2022 -এ বিমস্টেকের মন্ত্রীপর্যায়ের বৈঠকেও অংশগ্রহণ করবেন।

5. মালদ্বীপ এবং শ্রীলঙ্কা এই উভয় দেশই ভারত মহাসাগরীয় অঞ্চলে ভারতের মুখ্য সমুদ্র তীরবর্তী প্রতিবেশী দেশ এবং প্রধানমন্ত্রীর 'সাগর' ও প্রতিবেশী প্রথম নীতিতে বিশেষ স্থান দখল করে রয়েছে। ভারত মালদ্বীপ এবং শ্রীলঙ্কার সাথে ঘনিষ্ঠ এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্কের প্রতি যে গুরুত্ব দেয় তার প্রমাণ হল বিদেশমন্ত্রীর এই সফর ।

নিউ দিল্লি

মার্চ 26, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.